গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তানোর, রাজশাহী
fisheries.tanore.rajshahi.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৮২.৫০১.৭২.১০৬.১৬.৬৩ তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১ ব.
০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

**অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ১ম সভার নোটিশ**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০২৪-২৫ বাস্তবায়নের অংশ হিসাবে আগামী ১২ সেপ্টেম্বর ২০২৪ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা মৎস্য কর্মকর্তা, তানোর, রাজশাহীর অফিস কক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা, তানোর, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ১ম সভা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/০৯/২০২৪ খ্রি.
(মোহা: বাবুল হোসেন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
তানোর, রাজশাহী।
টেলিফোন: ০২৪৭৮৫১০২৮
Email: ufotanore06@gmail.com

স্মারক নং-৩৩.০২.৮১৮২.৫০১.৭২.১০৬.১৬.৬৩/১(৩) তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১ ব.
০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
০১। জেলা মৎস্য অফিসার, রাজশাহী।
০২। অফিস সহকারী, অত্র দপ্তর, তানোর, রাজশাহী।
০৩। দপ্তর নথি।

০৮/০৯/২০২৪ খ্রি.
উপজেলা মৎস্য কর্মকর্তা
তানোর, রাজশাহী।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ **১ম** সভার কার্যবিবরণী

অর্থ বছর: ২০২৪-২৫ খ্রি.

সভাপতি: জনাব মোহা: বাবুল হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, তানোর, রাজশাহী।

সভার স্থান: উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহী।

সভার তারিখ: ১২/০৯/২০২৪ খ্রি. সময়: সকাল ১১.০০ ঘটিকা।

সভার আলোচ্য বিষয়:

০১। উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহীর দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক আলোচনা।

০২। অভিযোগ প্রতিকার পদ্ধতি বিষয়ক আলোচনা।

০৩। বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব, অফিস সহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহীকে সভার আলোচনা আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা সিটিজেন চার্টারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে উল্লেখ থাকলেও বিষয়টি সকলের নিকট স্পষ্ট বা পরিষ্কার নয়। এ বিষয়ে বিষয়টি অধিকতর উপলব্ধির নিমিত্ত পুন:আলোচনার জন্য সদস্য সচিব সভাপতিকে অনুরোধ জানান।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহীর দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক আলোচনা:**<br><br>সরকার জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে রাজস্ব খাত ও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করে চলেছে। এ সমস্ত কাজ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। কাজগুলো জনগণের কাঙ্খিত চাহিদা পূরণ করতে পারছে কি, পারছে না তা অনুধাবন করা প্রয়োজন। সরকারি দপ্তর জনগণকে যে পরামর্শ, পণ্য বা সেবা দিয়ে থাকে তা প্রাপ্তিতে জনগণ কোন হয়রানি বা দুর্ভোগের শিকার না হয় সে জন্য সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন ও কার্যকর করে। এ আইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংযোজন করে জনগণের সেবা প্রাপ্তিকে সহজ ও সুলভ করেছে। জনগণের নিকট সরকারি দপ্তরসমূহের জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার ব্যবস্থা মূখ্য উদ্দেশ্য। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তানোর, রাজশাহীর দপ্তরের বারান্দায় সরকারি নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার বা নাগরিক সনদ স্থাপন করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে তিনি সিটিজেন চার্টার পাঠ করে, বর্ণনা মোতাবেক অভিযোগ দায়েরের অনুরোধ জানান। | অংশগ্রহণকারী ও আগ্রহী সুফলভোগীগণ |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২ | **অভিযোগ প্রতিকার পদ্ধতি বিষয়ক আলোচনা:**<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হলেন জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী।<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যক্রমের বিষয়ে বা তার দপ্তর হতে সেবা প্রাপ্তিতে সেবা গ্রহীতা হয়রানি বা ভোগান্তির শিকার হলে, তিনি জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী বরাবর ডাকযোগে বা সেবা প্রদান প্রতিশ্রুতি/নাগরিক সনদে উল্লিখিত ০৭২১৭৬০২৪৫ টেলিফোন নম্বরে বা www.fisheries.rajshahi.gov.bd নং ই-মেইলে অভিযোগ দাখিল করতে পারবেন। জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী অভিযোগ দাখিলের এক মাসের মধ্যে অভিযোগের প্রতিকার প্রদানে ব্যর্থ হলে উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা, ফোন নং- ০২৯৫৬৯৩৫৫ বা www.fisheries.gov.bd নং ই-মেইলে অভিযোগ দাখিল করে প্রতিকার চাইবেন।<br><br>উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা দুই মাসের মধ্যে প্রতিকার প্রদানে ব্যর্থ হলে অভিযোগকারী মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল: অভিযোগ গ্রহণ কেন্দ্র, ০৫ নং গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, www.grs.gov.bd তে অভিযোগ করে প্রতিকার চাইবেন।<br>অভিযোগ দায়ের ক্ষেত্রে তথ্য অধিকার আইন-২০০৯ এ নির্ধারিত ফরম (সংযোজনী ক-১) ব্যবহার করবেন। | উপজেলা মৎস্য দপ্তরের অভিযোগ প্রতিকার পদ্ধতিটি সকল সেবা গ্রহীতাকে অবহিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। | দপ্তরের সকল কর্মী। |
| ০৩ | **বিবিধ:** সভাপতি বলেন যে, সরকারের বিভিন্ন উন্নয়নমুখী উদ্যোগকে সফল করার জন্য দপ্তরের সকল কর্মীকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সরকারের নির্বাচনী ইশতেহার, টেকসই উন্নয়ন অভীষ্ট, প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১ প্রভৃতি বিষয় অধ্যয়ন করে অনুধাবন করতে হবে। সেভাবে সরকারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে জনসম্পৃক্ততা বাড়িয়ে সেবা প্রদান করতে হবে।<br>সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হলো। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল কর্মী ও সেবা গ্রহীতাকে আন্তরিক হতে হবে, যাতে কোন সেবা গ্রহীতা অসন্তুষ্ট না হন। | দপ্তরের সকল কর্মী। |

১২/০৯/২০২৪ খ্রি.
(মোহা: বাবুল হোসেন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
তানোর, রাজশাহী।

পরিশিষ্ট "ক"

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ১ম সভায় উপস্থিতির বিবরণী

সভাপতি: জনাব মোহা: বাবুল হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, তানোর, রাজশাহী।

সভার স্থান: উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহী।

সভার তারিখ: ১২/০৯/২০২৪ খ্রি. সময়: সকাল ১১.০০ ঘটিকা।

সভায় অংশগ্রহণকারীর বিবরণী ও হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবী | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহা: বাবুল হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মো: হাফিজুর রহমান, অফিস, সহকারী | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ হারুন উর রশিদ, মৎস্যজীবী | গোকুল, তানোর পৌরসভা, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ রেজাউল ইসলাম, মৎস্যজীবী | কুঠিপাড়া, তানোর পৌরসভা, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ সুলতান আলী, মৎস্য চাষী | ১ নং কলমা ইউনিয়ন, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব রত্না খাতুন, অফিস সহায়ক | উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ সামিউল ইসলাম, মৎস্য চাষী | ০৬ নং কামারগাঁ ইউনিয়ন, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৮ | মোঃ নাজমুল ইসলাম, মৎস্য চাষী | ০৫ নং তালন্দ ইউনিয়ন, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ০৯ | মোঃ রফিকুল ইসলাম, মৎস্য চাষী | ০৩ নং পাঁচন্দর ইউনিয়ন, তানোর, রাজশাহী।, | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ জামাল উদ্দিন, , মৎস্য চাষী | ২ নং বাধাইড় ইউনিয়ন, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ১১ | শ্রী ব্রোজেন চন্দ্র হালদার, মৎস্যজীবী | ভদ্রখন্ড, তানোর পৌরসভা, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ১২ | মো: রিয়জুল ইসিয়াম, মৎস্য খাদ্য বিক্রেতা | তানোর পৌরসভা, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ১৩ | মো: মবিদুর রহামন, মৎস্য খাদ্য উৎপাদনকারী | চাঁন্দুড়িয়া ইউনিয়ন, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ১৪ | দর্শনাথ হালদার, মৎস্য আড়ৎদার | গোল্লাপাড়া বাজার মৎস্য আড়ৎ, তানোর পৌরসভা, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ১৫ | মো: এমাজ উদ্দিন মন্ডল, মৎস্য খাদ্য বিক্রেতা | মোল্লাপাড়া মৎস্য আড়ৎ, শিলমাড়িয়া, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |
| ১৬ | মোহা: মিজানুর রহমান, সাংবাদিক | তানোর পৌরসভা, তানোর, রাজশাহী। | স্বাক্ষরিত |

১২/০৯/২০২৪ খ্রি.
(মোহা: বাবুল হোসেন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
তানোর, রাজশাহী।